কোভিড-19 ভ্যাকসিন সম্পর্কিত অসত্য কল্পকাহিনী

কল্পকাহিনী: আপনি ভ্যাকসিন থেকে কোভিড-19 পেতে পারেন
সত্য: আপনি ভ্যাকসিন থেকে কোভিড-19 এ আক্রান্ত হবেন না কারণ এগুলিতে জীবন্ত ভাইরাস নেই এবং তাই তারা রোগ তৈরি করতে অক্ষম। ভ্যাকসিনগুলিতে এমন একটি জেনেটিক কোড রয়েছে যা আমাদের কোষগুলি সামান্য পরিমাণে কোভিড-19 ভাইরাস তৈরি করতে ব্যবহার করে যা আমাদের শরীরের প্রতিরোধ ব্যবস্থাটিতে অ্যান্টিবডি এবং অন্যান্য অ্যান্টি-ভাইরাস (ভাইরাস-বিরোধী) প্রতিরোধ ক্ষমতা তৈরি করে। এটা সম্ভব যে আপনি কোভিড-19 এ আক্রান্ত হয়েছেন কিন্তু টিকা দেওয়ার আগে লক্ষণগুলি অনুভব করতে পারেন নাই।

কল্পকাহিনী: ভ্যাকসিনটি আমাদের ডিএনএ পরিবর্তন করে
সত্য: ভ্যাকসিন ডিএনএ পরিবর্তন করতে পারে না এবং করেনা। ভ্যাকসিনগুলি আমাদের প্রতিরোধ ব্যবস্থাটিকে সতর্ক করে দেয় যে আমাদের দেহে এমন কিছু আছে যা সেখানে থাকা উচিত নয়। কোভিড-19 ভ্যাকসিনটিতে ভাইরাসের একটি সামান্য অংশ রয়েছে যা আমাদের প্রতিরোধ ব্যবস্থাটিকে এর বিরুদ্ধে প্রতিক্রিয়া করতে উৎসাহ দেয়। আমাদের ইমিউন সিস্টেমটি (রোগ প্রতিরোধ ক্ষমতা) এই প্রতিক্রিয়াটিকে স্মরণে রাখে এবং ভবিষ্যতে যদি ভাইরাসের মুখোমুখি হয় তবে কোভিড-19 এর সাথে লড়াই করতে প্রস্তুত থাকে।

কল্পকাহিনী: ভ্যাকসিনটি নিরাপদ নয়, এটি খুব দ্রুত তৈরি করা হয়েছিল
সত্য: কোভিড-19 ভ্যাকসিনগুলি নিরাপদ কিনা তা নিশ্চিত করার জন্য পুরোপুরি পরীক্ষা করা হয়েছে। নিরাপদ না হওয়া পর্যন্ত এনএইচএস জনগণের কাছে কোনও কোভিড-19 টিকা সরবরাহ করবে না। সুরক্ষা এবং কার্যকারিতার জন্য এমএইচআরএ (MHRA) মান উৎপাদন এবং পরীক্ষার গতির কারণে পরিবর্তিত হয়নি, ক্লিনিকাল ট্রায়ালটি শেষ পর্যন্ত অপেক্ষা করার পরিবর্তে এটি পরীক্ষার সাথেসাথেই বিশ্লেষণ করা হয়েছে যা অনুমোদনের প্রক্রিয়াটিকে দ্রুত করতে সহায়তা করেছে।

কল্পকাহিনী: ভ্যাকসিনটি কালো ও সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য নিরাপদ নয়
সত্য: ভ্যাকসিনগুলি বিভিন্ন জাতিগত গোষ্ঠীতে আলাদাভাবে কাজ করবে এমন কোনও প্রমাণ নেই। ফাইজার (Pfizer) ভ্যাকসিন পরীক্ষার অংশগ্রহণকারীদের মধ্যে 9.6% কালো/আফ্রিকান, 26.1% হিস্পানিক/ল্যাটিনো এবং 3.4% এশিয়ান অন্তর্ভুক্ত ছিল। অক্সফোর্ড/অ্যাস্ট্রাজেনেকা (Oxford/AstraZeneca) ভ্যাকসিনের পরীক্ষায় অংশগ্রহণকারীদের 10.1% কৃষ্ণাঙ্গ এবং 3.5% এশিয়ান ছিল। নতুন ভিডিওটির (video) উদ্দেশ্য কোভিড ভ্যাকসিন নিয়ে দ্বিধায় থাকা সংখ্যালঘু সম্প্রদায়ের কাছে এ বার্তা পৌঁছানো।

কল্পকাহিনী: আপনার যদি ভ্যাকসিন থাকে তবে আপনি অন্য কাউকে কোভিড-19 দিতে পারবেন না
সত্য: এটি এখনও আপনাকে ভাইরাসে ধরা এবং অন্যদের দেয়া থেকে বিরত রাখবে কিনা তা এখনও জানা যায়নি, তবে এটি এই ঝুঁকি হ্রাস করবে বলে আশা করা হচ্ছে, তাই এখনও নির্দেশনা অনুসরণ করা গুরুত্বপূর্ণ।

কল্পকাহিনী: আপনার যদি ইতিমধ্যে কোভিড-19 থাকে তবে আপনার ভ্যাকসিন লাগবে না
সত্য: পুনরায় সংক্রমণ সম্ভব এবং এটি এখনও জানা যায়নি যে যদি ইতিমধ্যেই কারো মধ্যে ভাইরাস থাকে তবে এটা কোভিড-19 এ আক্রান্ত হওয়া থেকে কতক্ষণ কাউকে সুরক্ষিত রাখতে পারে। কোভিড-19 এর গুরুতর স্বাস্থ্যঝুঁকির কারণে যাদের এই রোগটি ছিল তাদের এখনও ভ্যাকসিন দেওয়া হয়।

কল্পকাহিনী: ভ্যাকসিন আপনার ভবিষ্যতের সন্তান উৎপাদন ক্ষমতা হ্রাস করে

সত্য: ভ্যাকসিনগুলি উর্বরতার (সন্তান উৎপাদন ক্ষমতার) উপর প্রভাব ফেলবে এমন ধারণার কোনও প্রমাণ নেই। ইংল্যান্ডের জনস্বাস্থ্যের (Public Health England) নির্দেশনায় কোভিড-19 টিকা দেওয়ার পরে গর্ভাবস্থা এড়ানোর কোনও পরামর্শ নেই।

কল্পকাহিনী: গর্ভবতী মহিলাদের ভ্যাকসিন দেয়া উচিত নয়
সত্য: গর্ভাবস্থায় ভ্যাকসিনগুলি এখনও পরীক্ষা করা হয়নি, সুতরাং আরও তথ্য না পাওয়া পর্যন্ত যারা গর্ভবতী তাদের নিয়মিতভাবে এই টিকা নেওয়া উচিত নয়। টিকাদান ও রোগপ্রতিরোধ সংক্রান্ত যৌথ কমিটি (জেসিভিআই)[Joint Committee on Vaccination and Immunisation (JCVI)] স্বীকৃতি দিয়েছে যে টিকা দেওয়ার সম্ভাব্য সুবিধাগুলি কিছু গর্ভবতী মহিলাদের জন্য বিশেষত গুরুত্বপূর্ণ যারা তাদের মধ্যে সংক্রমণ ধরা পড়ার জন্য খুব ঝুঁকিপূর্ণ বা স্বাস্থ্যগত অবস্থার কারণে যারা কোভিড-19 থেকে গুরুতর জটিলতায় ভোগার ঝুঁকির মধ্যে রয়েছেন। অ্যাস্ট্রা-জেনেকা কোভিড-19 ভ্যাকসিনের অ-ক্লিনিকাল (রোগীর উপর নয়) গবেষণায় কোন উদ্বেগ দেখা দেয় নি। ইংল্যান্ডের জনস্বাস্থ্য (Public Health England) নির্দেশনা অনুযায়ী আপনাকে প্রথম ডোজ নেয়ার পরে আপনি গর্ভবতী হয়ে পড়লে গর্ভাবস্থা শেষ না হওয়া অবধি আপনার দ্বিতীয় ডোজটি বিলম্ব করা উচিত (যদি আপনার উচ্চ ঝুঁকি না থাকে) (unless you are at high risk)।

কল্পকাহিনী: আপনি যদি বুকের দুধ খাওয়ান তবে ভ্যাকসিন খাওয়ানো নিরাপদ নয়
সত্য: বুকের দুধ খাওয়ানোর ক্ষেত্রে বা বুকের দুধ খাওয়ানোতে কোভিড-19 ভ্যাকসিনের সুরক্ষা সম্পর্কিত কোনও তথ্য নেই। এটি সত্ত্বেও, কোভিড-19 ভ্যাকসিনগুলি বুকের দুধ খাওয়ানো শিশুর জন্য ঝুঁকি বলে মনে করা হয় না এবং স্তন খাওয়ানোর সুবিধাগুলি সুবিদিত। ইংল্যান্ডের জনস্বাস্থ্য (Public Health England) বলেছেন যে স্তন্যদানের সময় এই ভ্যাকসিন গ্রহণ করা যেতে পারে।

কল্পকাহিনী: ভ্যাকসিনে শূকরের উপাদান রয়েছে
সত্য: ভ্যাকসিন নির্মাতারা অ্যাস্ট্রাজেনেকা (AstraZeneca)এবং ফাইজার/বায়োএনটেক নিশ্চিত করেছে যে ভ্যাকসিনটিতে কোনও প্রাণীর উপাদান নেই এবং কোনও প্রাণী থেকে প্রাপ্ত কোষ ব্যবহার করা হয়নি।

কল্পকাহিনী: ভ্যাকসিনটিতে গর্ভপাত করা ভ্রূণের কিছু অংশ রয়েছে
সত্য: ইংল্যান্ডের জনস্বাস্থ্য (Public Health England) নির্দেশিকা নিশ্চিত করেছে যে চূড়ান্ত ভ্যাকসিনে কোনও ভ্রূণের উপাদান নেই। অ্যাস্ট্রাজেনেকা নিশ্চিত করেছে যে এমআরসি-৫ সেল লাইন ব্যবহার করে এ ভ্যাকসিন তৈরি করা হয়নি তবে 1970-এর দশকে গর্ভপাত হওয়া একটি স্ত্রী ভ্রূণ থেকে নেওয়া আলাদা সেল স্ট্রেইন (কোষ ধারা) ব্যবহার করা হয়েছে। কোষগুলি ভ্যাকসিনের জন্য ভাইরাস তৈরী করতে ব্যবহৃত হয় কিন্তু এই কোষগুলি চূড়ান্ত ভ্যাকসিনে যায় না।

কল্পকাহিনী: আপনার ভ্যাকসিন নেবার জন্য একটি এনএইচএস নম্বর প্রয়োজন
সত্য: আপনি যদি নিজের নম্বরটি না জানেন তবুও আপনি এনএইচএস (NHS) ওয়েবসাইটে ভ্যাকসিনের জন্য নিবন্ধন করতে পারেন।

কল্পকাহিনী: ভ্যাকসিনে একটি মাইক্রোচিপ থাকে
সত্য: ভ্যাকসিনে কোনও মাইক্রোচিপ নেই। এই কল্পকাহিনীটি কোনও একটি নথির (paper) সাথে যুক্ত বলে মনে করা হয় যা এমআইটির গবেষকদের দ্বারা প্রকাশিত কোভিড-19 ভ্যাকসিনে যারা রোগীর টিকাদানের ইতিহাস রেকর্ড করার জন্য একটি অভিনব উপায় বের করেছেন। তথ্যগুলি একটি রঙের প্যাটার্নে সংরক্ষণ করা হয়, যা খালি চোখে দেখা যায়না, এটা ভ্যাকসিন দেবার একই সময়ে ত্বকের নিচে সরবরাহ করা হয়। কোয়ান্টাম ডটস নামে ন্যানোক্রিস্টাল সমন্বিত রংটি ত্বকের নিচে কমপক্ষে পাঁচ বছর ধরে থাকতে পারে, যেখানে এটি কাছাকাছি-ইনফ্রারেড আলো নির্গত করে যা একটি বিশেষভাবে সজ্জিত স্মার্টফোন দ্বারা সনাক্ত করা যায়। এটি কোনও মাইক্রোচিপ নয়, এ রংটি কেবল এই তথ্য তৈরি করবে

যে আপনাকে ভ্যাকসিন দেয়া হয়েছে কিনা এবং এই অভিনব পদ্ধতিটি কোভিড-19 ভ্যাকসিনগুলিতে ব্যবহৃত হচ্ছে না।

কল্পকাহিনী: ভ্যাকসিন ডোজগুলির মধ্যে 12 সপ্তাহ অপেক্ষা করলে তা কাজ করবে না

সত্য: যুক্তরাজ্যের চিফ মেডিকেল অফিসাররা একমত হয়েছেন (UK Chief Medical Officers have agreed)যে প্রথম এবং দ্বিতীয় ডোজগুলির মধ্যে দীর্ঘ সময় নেয়া যেতে পারে যাতে আরও বেশি লোক তাদের প্রথম ডোজটি দ্রুত পেতে পারে, কারণ প্রমাণগুলি দেখায় যে একটি ডোজও উচ্চ মাত্রার সুরক্ষা দেয়। এই সিদ্ধান্ত আমাদের স্বল্পতম সময়ে সর্বাধিক মানুষের জীবন বাঁচাতে সহায়তা করবে।

কল্পকাহিনী: যদি আমি একটি গণ-টিকা কেন্দ্রে যেতে না পারি তবে আমি ভ্যাকসিন দেওয়ার সুযোগটি হাতছাড়া করবো

সত্য: প্রত্যেককে প্রাথমিক পর্যায়ে টিকা (vaccinated) দেওয়ার জন্য উৎসাহিত করা হয়, যদি আপনি কোনও গণ-টিকা কেন্দ্রে যোগ দিতে না পারেন বা না চান তবে আপনি আপনার জিপি থেকে টিকা নেবার জন্য অপেক্ষা করতে পারেন।